

2 0 1 6

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) “লহ্ লহ্ হাসনি গদ গদ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে॥”
‘লহ্ লহ্’ শব্দের অর্থ কী?

(খ) “তঁহি পুন মোতি-হার তোড়ি ফেকল
কহত হার টুটি গেল।
সবজন এক এক চুনি _____
শ্যাম-দরশ ধনি লেল॥”
(শূন্যস্থান পূর্ণ করো)

(গ) “যাঁহা পহ্ অরুণ-চরণে চলি যাত।
তাঁহা তাঁহা ধরণী হইয়ে মঝু গাত॥”

পদটির রচয়িতা কে?

(ঘ) “তোহারি মুরলী যব শ্রবণে প্রবেশল
ছোড়লুঁ গৃহ-সুখ আশ ।
পছক দুখ তৃণহঁ করি না গণলুঁ
কহতহি গোবিন্দ দাস ॥”

পদটি ‘বৈষ্ণব পদাবলী’র কোন পর্যায়ের অন্তর্গত ?

(ঙ) “দেবে জানে ভেদ নাই কৃষ্ণ হলধরে ।”
হলধর কে ?

(চ) “গোষ্ঠী করি তাহা ত্রিঃ পড়ান দ্বিজরাজ ।
সেই স্থানে গৌরান্দের বিদ্যার সমাজ ॥”
গৌরান্দ কার চণ্ডীমণ্ডপে নিজ বিদ্যালয় স্থাপন করেছিলেন ?

(ছ) “নিত্যানন্দ চলিলেন তীর্থ করিবারে ।”
নিত্যানন্দ কত বছর তীর্থ পর্যটন করেছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) “পাগলিনী বিষ্ণুপ্রিয়া ভিজা বস্ত্র-চূলে ।
ভূরা করি বাড়ী আসি শাশুড়ীয়ে বলে ॥”

বিষ্ণুপ্রিয়া কে ? তাঁর শাশুড়ীর নাম কী ?

(খ) বৃন্দাবন থেকে মথুরা গমনকালে শ্রীকৃষ্ণের সঙ্গী হয়েছিলেন
এমন দুজন কৃষ্ণ-সহচরের নাম লেখো ।

(গ) চৈতন্যদেবের যে কোনো দুটি বাল্যনাম উল্লেখ করো ।

(ঘ) চাটিগ্রামে জন্মগ্রহণকারী দুজন চৈতন্য পরিকরের নাম
লেখো ।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
আনলে পুড়িয়া গেল ।
অমিয়া-সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল ।”

(খ) “হরি গেও মধুপুর হাম কুলবালা ।
বিপথে পড়ল যৈছে মালতী-মালা ॥”

‘মাথুর’ পর্যায়ে রাখার বিরহাতির একটি বর্ণনা দাও ।

(গ) “অদ্বৈতের কারণে চৈতন্য অবতার ।”

চৈতন্যদেবের আবির্ভাবের ক্ষেত্রে অদ্বৈত আচার্যের ভূমিকা
আলোচনা করো ।

(ঘ) “মিশ্র বলে আজি আমি দেখিনু স্বপন ।
নিমাঞ্চিত করিয়াছে যেন শিখার মুগুন ॥”

জগন্নাথ মিশ্রের স্বপ্নবৃত্তান্ত বর্ণনা করো ।

(ঙ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“কোটি ভক্ষদ্রব্য যদি থাকে নিজ ঘরে ।
কৃষ্ণ-আজ্ঞা বিনা তাহা খাইতে না পারে ॥”

৪। প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) গৌরাঙ্গ বিষয়ক প্রতিটি পদই কি ‘গৌরচন্দ্রিকা’ বিভাগের অন্তর্ভুক্ত হতে পারে? যুক্তিসহ তোমার মতামত ব্যক্ত করো।
- (খ) ‘প্রেমবৈচিত্র্য’ বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।
- (গ) তোমার অধীত ‘পূর্বরাগ’ পর্যায়ের পদ অবলম্বনে এগুলোর কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) “‘শ্রীচৈতন্যভাগবত’ গ্রন্থের আদিখণ্ডের প্রথম অধ্যায়ে গ্রন্থ পরিকল্পনার মূল রূপরেখা বর্ণিত হয়েছে।” মন্তব্যটির যথাযোগ্যতা বিচার করো।
- (ঙ) বৃন্দাবন দাসকে কেন ‘চৈতন্যলীলার ব্যাস’ বলা হয় তা আলোচনা করে বুঝিয়ে দাও।
- (চ) বৃন্দাবন দাস রচিত ‘শ্রীচৈতন্যভাগবত’ গ্রন্থে মানবিক সত্য কাহিনির পাশাপাশি অলৌকিক ভক্তিরসের ধারাও প্রবহমান। আলোচনা করো।
